

স্মারক নম্বর:-৪০.০০.০০০০.০২০.২৬.০০১.২১-৪৯৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২২ খ্রি:

বিষয়ঃ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন নবসৃষ্ট ০৮টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের জন্য চুক্তিভিত্তিক যানবাহন ভাড়াকরণের নিমিত্ত ৩২১১১০৭-হায়ারিং চার্জ কোড সৃজনে প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা-৭ শাখার গত ৩০-১১-২০২২ তারিখের ০৭.১৫৭.২৮.০৩.০১.০১.২০০৪(অংশ)-২৭১ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ, বাজেট-১৩ অধিশাখার ০৮-১২-২০২২ তারিখের ০৭.০০.০০০০.১১৩.২০.০০৭.২২-১৪৩ নং স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন নবসৃষ্ট ০৮টি উপমহাপরিদর্শকের কার্যালয় (ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, ফেনী, রাজশাহী, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, জামালপুর, নওগাঁ)-এর দাপ্তরিক কাজ সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে মাইক্রোবাস চুক্তিভিত্তিক/ভাড়ায় চালানোর নিমিত্তি যানবাহন ব্যবহার ৩২১১১০৭-হায়ারিং চার্জ কোড সৃজন এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি মাইক্রোবাস বাবদ মাসিক সর্বোচ্চ ভ্যাটসহ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- গাড়ি মেরামত, জ্বালানীসহ যাবতীয় ব্যয়ভার গাড়ি সরবরাহকারী বহন করবে;
- জ্বালানী ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে সিএনজি চালিত গাড়ি সংগ্রহ করতে হবে;
- প্রতিটি মাইক্রোবাস বাজার দরের সাথে সামঞ্জস্যতা রেখে PPR-২০০৮ অনুসরণপূর্বক প্রাইভেট সেক্টর হতে চুক্তির মাধ্যমে ভাড়া করতে হবে;
- দাপ্তরিক কাজে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য সরকারি বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা পালন করতে হবে এবং
- চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বে ভাড়া বৃদ্ধি করা যাবে না।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব

ফোন+৮৮০০২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।

স্মারক নম্বর:-৪০.০০.০০০০.০২০.২৬.০০১.২১-৪৯৮/১(১)

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ/মানিকগঞ্জ/ফেনী/ব্রাহ্মণবাড়ীয়া/কক্সবাজার/রাজশাহী/জামালপুর/নওগাঁ।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপসচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ)।
- ৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ/মানিকগঞ্জ/ফেনী/ব্রাহ্মণবাড়ীয়া/কক্সবাজার/রাজশাহী/জামালপুর/নওগাঁ।
- ৮। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, গোপালগঞ্জ/মানিকগঞ্জ/ফেনী/ব্রাহ্মণবাড়ীয়া/কক্সবাজার/রাজশাহী/জামালপুর/নওগাঁ।
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি/গার্ড ফাইল।

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব